সম্প্রেসবিল

# তালা উপজেলা পরিষদের জানুয়ারী/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ঘোষ সনৎ কুমার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
তালা, সাতক্ষীরা
সভার তারিখ : ৩০/০১/২০২২
সভার সময় : সকাল ১১.৩০

সভার শুরুতে উপজেলা চেয়ারম্যান সভায় সংযুক্ত সকলকে স্বাগত জানান। অতঃপর উপজেলা পরিষদের সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার বিধি মোতাবেক Zoom Cloud Meeting App এর মাধ্যমে সভার কাজ শুরু করেন।

**১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢীকরণ :**

সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন ও বিয়োজন না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতক্রমে দৃঢীকরণ করা হয়। অতঃপর বিভাগওয়ারী আলোচনা করা হয়:

০২। বিভাগীয় আলোচনা :

**(ক) উপজেলা প্রকৌশল বিভাগ :**

(i) ২০২১-২০২২ খ্রিঃ অর্থ বছরের বাষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) অর্থ দ্বারা গৃহীত প্রকল্প বাস্তবায়নের জন্য টেন্ডার প্রক্রিয়া চলমান এবং প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে কয়েকটি প্রকল্প ইতিমধ্যে সমাপ্ত হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং দ্রুত প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

(ii) আনসার শেড নির্মাণ প্রক্রিয়া চলমান আছে। উক্ত শেডটির ডিজাইন আংশিক পরিবর্তন করে ছাদ নির্মাণের জন্য প্রস্তাবনা রাখা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে সভায় উক্ত শেডে ছাদ নির্মাণের জন্য সকলে একমত পোষণ করেন। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

(iii) স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার স্মারক নং- ৪৬, তারিখ ৩০/০১/২০২২ খ্রিঃ মূলে সাতক্ষীরা জেলার তালা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে প্রবেশ গেইট নির্মাণের জন্য ২১,৭৫,৪৯৪.০০ (একুশ লক্ষ পচাত্তর হাজার চারশত চুরানব্বই) টাকা প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়, যার পরিপ্রেক্ষিতে পিপিআর-২০০৮ অনুসরণ করে LTM পদ্ধতিতে টেন্ডার আহ্বান প্রক্রিয়া চলমান রয়েছে। টেন্ডার প্রক্রিয়া শেষে খুব দ্রুতই ঠিকাদার নির্বাচন করে কাজ বাস্তবায়ন করা হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং দ্রুত প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

(iv) স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার স্মারক নং- ৭৩, তারিখ ০৯/০২/২০২২ খ্রিঃ মূলে সাতক্ষীরা জেলার তালা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলার সামনে সীমানা প্রাচীর নির্মাণের জন্য ৪৬,৯৯,৮৯৬.০০ (ছেচল্লিশ লক্ষ নিরানব্বই হাজার আটশত ছিয়ানব্বই) টাকা প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়, যার পরিপ্রেক্ষিতে পিপিআর-২০০৮ অনুসরণ করে LTM পদ্ধতিতে টেন্ডার আহ্বান করে কাজ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

(v) উপজেলা চেয়ারম্যান মহোদয় সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, অত্র উপজেলায় বিভিন্ন উন্নয়নমূলক কাজ চলমান আছে। কিন্তু উন্নয়ন মূলক কাজ বাস্তবায়নের স্বার্থে ঠিকাদার কল্যাণ সমিতির পক্ষ থেকে খেলার মাঠে ব্যবহারের জন্য উপজেলা পরিষদ কর্তৃপক্ষের নিকট প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে উপজেলা মাধ্যমিক/প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে সংশ্লিষ্ট বিদ্যালয়ের মাঠ ব্যবহারের বিষয়ের সহযাগিতার জন্য সভায় অনুরোধ করা হয়।

( vi) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ২৬৩৮ তারিখ ২৩/১২/২০২১ খ্রিঃ মূলে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর আওতায় সাতক্ষীরা জেলার তালা উপজেলাধীন ০১ (এক) টি অবকাঠামোগত উপ-প্রকল্পের স্থান পরিবর্তনের সম্মতি ও কাজ বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। পত্রের আলোকে পিপিআর-২০০৮ অনুসরণ করে OTM পদ্ধতিতে টেন্ডার আহ্বান প্রক্রিয়া চলমান রয়েছে। টেন্ডার প্রক্রিয়া শেষে খুব দ্রুতই ঠিকাদার নির্বাচন করে কাজ বাস্তবায়ন করা হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং দ্রুত প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

(vii) উপজেলা প্রকৌশলী সভায় সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, রাজস্ব উদ্বৃত্তের আওতায় প্রকল্প দাখিলের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকলকে অবগত করা হলেও অনেক ইউনিয়ন পরিষদ থেকে এখনও পর্যন্ত প্রকল্প তালিকা দাখিল করা হয়নি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং দ্রুত প্রকল্পের তালিকা ও পিআইসি কমিটির সদস্যদের নামের তালিকা উপজেলা প্রকৌশলীর দপ্তরে দাখিলের জন্য সবাইকে অনুরোধ করা হয়।

(viii) উপজেলা প্রকৌশলী সভায় সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, রাজস্ব উদ্বৃত্তের আওতায় প্রকল্প দাখিলের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকলকে অবগত করা হলেও অনেক ইউনিয়ন পরিষদ থেকে এখনও পর্যন্ত প্রকল্প তালিকা দাখিল করা হয়নি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং দ্রুত প্রকল্পের তালিকা ও পিআইসি কমিটির সদস্যদের নামের তালিকা উপজেলা প্রকৌশলীর দপ্তরে দাখিলের জন্য সবাইকে অনুরোধ করা হয়।

(ix) উপজেলা চেয়ারম্যান মহোদয় ও সভাপতি, মাসিক সমন্বয় সভা সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, অত্র উপজেলায় অফিসার্স ক্লাব এর কাজ কয়েকমাস আগে থেকে চলমান রয়েছে। স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা, স্মারক নং- ৯৪ তারিখ ০৬/০২/২০২২ খ্রিঃ মূলে সম্প্রতি উপজেলা পরিষদের অস্থায়ী অফিস ভবন মেরামতের (অর্ধসমাপ্ত উপজেলা অফিসার্স ক্লাবের নির্মাণ কাজ) জন্য ১৫,০০,০০০.০০ (পনের লক্ষ) টাকা কর্মত্তোর বরাদ্দ পাওয়া যায়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং যার পরিপ্রেক্ষিতে পিপিআর-২০০৮ অনুসরণ করে LTM পদ্ধতিতে টেন্ডার আহ্বান করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

(খ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ :

আলোচনা : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তিনি বর্তমানে করোনা আক্রান্ত। চলতি অর্থবছরে ২য় কিস্তির টিআর এর বরাদ্দ পাওয়া গেছে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের নিকট হতে তালিকা চাওয়া হয়েছে। এখনে পাওয়া যায়নি। দ্রুত তালিকা দাখিলের জন্য পুণরায় অনুরোধ করা হয়। অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

(গ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস :

আলোচনা : সভায় উপস্থিত উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন যে, স্বাস্থ্য অধিদপ্তর ও শিক্ষা মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে বাংলাদেশের অন্যান্য উপজেলার ন্যায় সাতক্ষীরা জেলাধীন তালা উপজেলায় ১২-১৭ বছর শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে স্বশরীরে পাঠদান কার্যক্রম চলমান রাখার জন্য কোভিড-১৯ (ফাইজার টিকা) টিকার ১ম ডোজ ও ২য় ডোজ তালা উপজেলার ২টি কেন্দ্রে যথাক্রমে তালা সদরের জন্য উত্তরণ অফিস, তালা এবং পাটকেলঘাটা এলাকার জন্য কুমিরা মহিলা ডিগ্রী কলেজ কেন্দ্রে এ উপজেলার মোট ৩৩ হাজার শিক্ষার্থীদের টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। স্বাস্থ্যবিধি মেনে উক্ত টিকা কার্যক্রমের ১ম ডোজ এবং ২য় ডোজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ইত্যাদি ক্রয়ে কমপক্ষে ১,২৫,০০০/- টাকা প্রয়োজন। উক্ত ব্যয় নির্বাহের জন্য তিনি উপজেলা পরিষদের সহায়তা কামনা করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং তালা উপজেলায় ১২-১৭ বছর শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে স্বশরীরে পাঠদান কার্যক্রম চলমান রাখার জন্য কোভিড-১৯ (ফাইজার টিকা) টিকার ১ম ডোজ ও ২য় ডোজ তালা উপজেলার যথাক্রমে তালা সদরের জন্য উত্তরণ অফিস এবং পাটকেলঘাটা এলাকার জন্য কুমিরা মহিলা ডিগ্রী কলেজ কেন্দ্রে এ উপজেলার মোট ৩৩ হাজার শিক্ষার্থীদের টিকা প্রদান কার্যক্রমে স্বাস্থ্য বিধি সংক্রান্ত সরঞ্জামাদিসহ যাবতীয় ব্যয় নির্বাহের নিমিত্ত মোট ১,২৫,০০০/-টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত অর্থ ব্যয়ের জন্য নিম্নরূপভাবে ১টি পিআইসি গঠন করা হয়। উল্লেখ্য উক্ত টাকা উপজেলা রাজস্ব তহবিল ব্যবহারের নির্দেশিকা ২০২০ এর ৩(ঘ) মোতাবেক অপ্রত্যাশিত খাত হতে নির্বাহ করা হবে।

**কমিটি**

| | |
|---|---|
| (১) চেয়ারম্যান, তালা সদর ইউপি | সভাপতি |
| (২) জনাব আঃ রাজ্জাক, ইউপি সদস্য, ওয়ার্ড নং- তালা | সদস্য |
| (৩) জনাব আবু সাইদ রিপন, পরিদর্শক, তালা হাসপাতাল | সদস্য |
| (৪) জনাব অমিত কুমার চন্দ, সাঁট-মুদ্রাক্ষরিক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তালা | সদস্য |
| (৫) জনাব ওসমান আলী, অফিস সহকারী, মাধ্যমিক শিক্ষা অফিস | সদস্য |

(ঘ) উপজেলা মহিলা বিষয়ক দপ্তর:

আলোচনা : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় জানান যে, উপজেলা পরিষদের গেজেটেড অফিসার্স কোয়ার্টারের মৌটুসী ভবন ভাড়া নিয়ে তার অফিস কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের অধীন ৪০ জন মেয়েকে প্রশিক্ষণ দেয়া হচ্ছে। কিন্তু বর্তমানে মৌটুসী ভবন ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। সংস্কার জরুরী। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদকে অনুরোধ করেন।

(ঘ) উপজেলা যুব উন্নয়ন বিভাগ :

আলোচনা : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা তিনি জানান, তার দপ্তরের ২০২১-২০২২ অর্থবছরে রাজস্ব খাতে ১৪ টি ব্যাচে প্রশিক্ষণ প্রদানের নির্দেশনা রয়েছে। ইতোমধ্যে চলতি অর্থবছরে ০৭টি ব্যাচের ২১০ জনের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। ক্রমপুঞ্জিত প্রশিক্ষনার্থীর মোট সংখ্যা {১,৯৭২ (উন্নয়ন) + ৬,৯০৭ (রাজস্ব)} =৮,৮৭৯ জন।

চলতি অর্থবছরে রাজস্ব বাজেটের অধীনে আত্মকর্মী করা হয়েছে ৪৯ জনকে, ক্রমপুঞ্জিত আত্মকর্মীর সংখ্যা =৩৬৮৭ জন। চলতি মাস পর্যন্ত রাজস্ব বাজেটে ৩৭ জনের মাঝে ১৮,০০,০০০/-টাকা যুবঋণ বিতরণ করা হয়েছে । ক্রমপঞ্জিত ঋণ বিতরণের পরিমাণ ৪,৪৬,৮৪,০০০/-টাকা। মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ ৮,৮৫,০৭১/-টাকা। কিস্তি খেলাপী টাকার পরিমাণ ৭,০৭,৮৮৭/-টাকা। চলতি মাসে ঋণ আদায়ের হার ৮৮.৪২% এবং ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৬%। করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে সকল প্রকার ঋণ আদায় বন্ধ থাকার জন্য কিস্তি খেলাপী ও মেয়াদীত্তোর্ণ খেলাপীর পরিমাণ বেড়েছে। ফলে আদায়ের হার কম হয়েছে। এ ছাড়া তার কার্যালয়ের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানান।

(ঙ) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তালা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও জানান যে, ডিসেম্বর/২০২১ মাসে ৩ জন মহিলাকে স্থায়ী পদ্ধতি গ্রহণেরর সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ১০ বছর মেয়াদী আইইউডি ৩৩ জন, ৩ বছর মেয়াদী ইমপ্লান্ট ৩৮ জন কে প্রদান করা হয়েছে। উপজেলার সিএআর-৭৯.৮১%। মা ও শিশু স্বাস্থ্য সেবার এএনসি -১০৪০ জন, পিএনসি-২০৯ জন, ডেলিভারী-২২ জন, শিশু-২১৯৩ জন এবং সাধারণ রোগী ৬২৫৩ জনকে সেবা দেয়া হয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, তালা-কে অনুরোধ করা হয়।

(চ) পল্লী সঞ্চয় ব্যাংক :

আলোচনা : সভায় ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, তালা জানান যে, তার দপ্তরের খেলাপী ঋণ হ্রাসের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সহায়তা প্রয়োজন। তার দপ্তরটি মেরামত ও রং করার জন্য তিনি পরিষদের সহায়তা কামনা করেন। এ ছাড়া তার দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে।

(ছ) কৃষি বিভাগ :

আলোচনা : সভায় উপজেলা কৃষি অফিসার, তালা জানান যে, বর্তমানে বোরো মৌসুম চলছে। কৃষকরা ইতোমধ্যে ধান রোপন কার্যক্রম শুরু করেছে। তিনি আরও বলেন, তার দপ্তরের ট্রেনিং রুমের সামনের রাস্তা নষ্ট হয়ে যাওয়ার কারণে প্রশিক্ষণার্থীদের চলাচলে বিঘ্ন ঘটছে। দ্রুত উক্ত রাস্তাটিতে বালি ভরাটসহ ইট সোলিং করা দরকার। এ বিষয়ে তিনি পরিষদের সহযোগিতা কামনা করেন এবং রাস্তাটি সংস্কারের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান।

(জ) মৎস্য বিভাগ :

আলোচনা : সভায় সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, তালা জানান যে, তিনি সপরিবারে করোনা পজিটিভ। সরকারি রাস্তার পাশে ব্যক্তিগত ঘের করার পূর্বে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট হতে **"উক্ত ঘের করলে সরকারি রাস্তার কোন ক্ষতি হবেনা"** মর্মে প্রত্যয়ন প্রাপ্তি সাপেক্ষে কেবলমাত্র লাইসেন্সের বিষয়টি বিবেচনা করা যেতে পারে মর্মে তিনি মতামত ব্যক্ত করেন। বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং অবিলম্বে রাস্তাঘাট ঘের করার কারণে ভাঙ্গনের হাত থেকে রক্ষার জন্য গণবিজ্ঞপ্তি জারী করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঝ) সমবায় বিভাগ :

আলোচনা : সভায় উপজেলা সমবায় অফিসার, তালা জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তবে কিছু ঋণের টাকা অনাদায়ী রয়েছে। সর্বশেষ উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের স্বাক্ষরে লাল নোটিশ দেয়া হয়েছে। তবুও আশানুরুপ সাড়া পাওয়া যাচ্ছেনা। তিনি সার্টিফিকেট মামলা দায়েরের মাধ্যমে অনাদায়ী টাকা আদায়ের জন্য প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং সার্টিফিকেট মামলা দায়েরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সমবায় অফিসারকে অনুরোধ করা হয়।

(ঞ) প্রাণিসম্পদ বিভাগ :

আলোচনা : সভায় উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তালা জানান যে, তার দাপ্তরিক কাজ ভালভাবেই চলছে। তবে প্রত্যন্ত এলাকা হতে আগত সেবাপ্রার্থীগণ স্বাস্থ্যবিধি মানছেনা। সে কারণে কিছু মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার সরবরাহ চান। এ বিষয়ে আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসার তাৎক্ষণিকভাবে পর্যাপ্ত মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজারের প্রদানের ব্যবস্থা করেন।

০৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের বক্তব্য:

(ক) চেয়ারম্যান, জালালপুর ইউনিয়ন পরিষদ বলেন যে, কর্মসৃজন প্রকল্পের কাজ বন্ধ হয়ে গেছে। উক্ত প্রকল্পের কাজ যাতে পুনরায় শুরু করা যায় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করেন। এ ছাড়া তিনি জানান সরকারি রাস্তার পাশে রিং বাঁধ না দিয়ে ব্যক্তিগত ঘের করার ফলে সরকারি রাস্তা বিনষ্ট হচ্ছে। এ বিষয়ে প্রতিটি সভায় বিস্তারিত অআলোচনা করা হলেও বাস্তবে কোন ব্যবস্থা গৃহীত না হওয়ায় সরকারী অর্থ অপচয়সহ এলাকার জনগণের দুর্ভোগ বাড়ছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে অবিলম্বে বিবেচ্য বিষয়ে পদক্ষেপ গ্রহণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান হয়।

(খ) চেয়ারম্যান, খলিলনগর ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তার ইউনিয়নে সার ডিলার নেই। উপজেলা সদরে ওএমএস ডিলার নিয়োগ করার জন্য দাবী জানান। এ ছাড়াও তিনি মৎস্য ঘেরের বাঁধ না থাকার কারণে খলিলনগর ইউনিয়নসহ উপজেলার মৎস্য ঘেরের পাশে পাকা ও কাঁচা রাস্তাসমূহ ধ্বংসপ্রাপ্ত হচ্ছে। সে কারণে ঘের মালিকদের ক্ষতিগ্রস্থ রাস্তাসমূহ সংস্কারসহ পৃথক বাঁধ তৈরী করে মৎস্য চাষ করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা দেয়া প্রয়োজন মর্মে তিনি সভাকে অবহিত করেন। এ ছাড়াও উপজেলা সমাজসেবা দপ্তর থেকে প্রদেয় বিভিন্ন ভাতা সুষ্ঠুভাবে প্রদান নিশ্চিত করার জন্য পুনরায় অনুরোধ করেন।

(গ) চেয়ারম্যান,ইসলামকাটি ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, সমাজসেবা অফিসের প্রতিবন্ধী কার্ড নিয়ে সৃষ্ট জটিলতার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সমাজসেবা অফিসারকে অনুরোধ করেন। এ ছাড়াও সারের মূল্য বৃদ্ধি পাওয়ায় কৃষকরা কৃষি কাজে আগ্রহ হারাচ্ছে। এ বিষয়ে সভায় আলোচনান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় অফিসারগণকে অনুরোধ করা হয়।

(ঘ) চেয়ারম্যান, খলিষখালী ইউনিয়ন পরিষদ বলেন যে, তার ইউনিয়নে এলজিইডি-র কাজ খুবই ধীর গতিতে চলছে। এ বিষয়ে সভায় আলোচনান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় অফিসারকে অনুরোধ করা হয়।

(ঙ) চেয়ারম্যান, ধানদিয়া ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তার এলাকার জনগণ বয়স্কভাতা/বিধবা ভাতা/ প্রতিবন্ধী ভাতার টাকা যথাযথভাবে পাচ্ছেনা। বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং সুনির্দিষ্টভাবে অভিযোগ করলে অবশ্যই ব্যবস্থা গ্রহণ করা হবে বলে উপজেলা সমাজসেবা অফিসার কর্তৃক সভাকে অবহিত করা হয়।

(চ) চেয়ারম্যান, মাগুরা ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, কিছু অসাধু ব্যক্তি তার এলাকার নদী থেকে মাটি ও বালু কেটে নিয়ে এলাকার ক্ষতি করছে। এ বিষয়ে তিনি ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ করেন। বিষয়টি দেখার জন্য সহকারী কমিশনার (ভূমি)কে অনুরোধ করা হয়।

(ছ) বিএডিসি বিভাগ :

বিষয় : কৃষকের অনুকূলে গভীর নলকূপ স্থাপনের জন্য লাইসেন্স প্রদান সংক্রান্ত

আলোচনা : সভায় সাতক্ষীরা বিএডিসি-র প্রতিনিধি জানান যে, গভীর নলকূপের লাইসেন্স প্রাপ্তির জন্য মোট ৩৪ জন আবেদন করেছে। আবেদনগুলি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক তদন্ত হওয়ার পর উপজেলা সেচ কমিটি কর্তৃক ৩৪ জনের অনুকূলে লাইসেন্স প্রদানের জন্য সুপারিশযোগ্য হিসেবে কমিটি মতামত প্রদান করেন। যা নিম্নরূপ :

**সুপারিশযোগ্য ৩৪ (চৌত্রিশ) জনের নামের তালিকা**

| ক্রঃ | আবেদনকারীর নাম ও ঠিকানা |
|---|---|
| ১ | নামঃ শ্যামল কুমার দাস, পিতাঃ মৃত হাজারী লাল দাস, গ্রাম : আড়ংডাঙ্গা, ইউঃ তেতুলিয়া, উপজেলা : তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ২ | নামঃ মোঃ মিজানুর সরদার, পিতাঃ আনার সরদার, গ্রাম : কলিয়া, ইউঃ তেতুলিয়া, উপজেলা : তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ৩ | নামঃ মোঃ আবু নাইম, পিতাঃ মোঃ কাওছার আলী মাহমুদ, গ্রামঃ লক্ষণপুর, ইউঃ তেঁতুলিয়া, উপজেলাঃ তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ৪ | নামঃ মোঃ মিজানুর রহমান, পিতাঃ মোঃ আফছার আলী সরদার, গ্রাম : নগরঘাটা, ইউঃ নগরঘাটা,উপজেলা : তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ৫ | নামঃ মোঃ নাছির উদ্দীন,পিতাঃ মোঃ আবুল হোসেন (কাশেম), গ্রাম : নগরঘাটা, ইউঃ নগরঘাটা, উপজেলা : তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ৬ | নামঃ মোঃ আব্দুল কালাম , পিতা- মোসলে উদ্দীন, গ্রামঃ মঠবাড়িয়া, ইউঃ নগরঘাটা, উপজেলাঃ তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ৭ | নামঃ মোঃ মনিরুল ইসলাম শেখ, পিতাঃ আজগার আলী শেখ, গ্রাম : সেনেরগাতী, ইউঃ ধানদিয়া, উপজেলা : তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ৮ | নামঃ আঃ রহমান সরদার, পিতাঃ দিরাজতুল্লাহ সরদার, গ্রাম : ভারসা, ইউঃ সরুলিয়া, উপজেলা : তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ৯ | নামঃ মোঃ মিজানুর রহমান, পিতাঃ হাছিম মোড়ল, গ্রাম : রাজেন্দ্রপুর, ইউঃ সরুলিয়া, উপজেলা : তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ১০ | নামঃ মোঃ শাহিনুর রহমান, পিতাঃ মোঃ আনিছুর রহমান, গ্রাম : নোয়াকাটি, ইউঃ কুমিরা , উপজেলা : তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ১১ | নামঃ মোঃ আকবার খাঁন, পিতাঃ কেরামত আলী খাঁন, গ্রাম : নোয়াকাটি, ইউঃ কুমিরা, উপজেলা : তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ১২ | নামঃ মোঃ আবুল হোসেন, পিতাঃ মৃত হাজের আলী মোড়ল, গ্রাম : কুমিরা, ইউঃ কুমিরা, উপজেলা : তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ১৩ | নামঃ শেখ আশরাফ হোসেন, পিতা- মৃত দীন মোহাম্মাদ, গ্রামঃ গৌরিপুর, ইউঃ কুমিরা, উপজেলাঃ তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ১৪ | নামঃ আব্দুল হামিদ, পিতাঃ তরফ শেখ, গ্রাম : আগোলঝাড়া, ইউঃ তালা, উপজেলা : তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ১৫ | নাম : সুকুমার বসু, পিতাঃ ননী গোপাল বসু, গ্রাম : ভায়ড়া, ইউঃ তালা , উপজেলা : তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ১৬ | নামঃ মোঃ মোজাম্মেল মোড়ল, পিতা- মৃত নওশের আলী মোড়ল, গ্রামঃ জাতপুর , ইউঃ তালা, উপজেলাঃ তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ১৭ | নামঃ তানজিদার ইকবাল, পিতাঃ সরদার নাজমুল হুদা, গ্রাম : চাঁদকাটি, ইউঃ মাগুরা, উপজেলা : তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ১৮ | নামঃ ইকবাল হোসেন, পিতা- শামসুর রহমান, গ্রামঃ সুজনসাহা, ইউঃ ইসলামকাটি, উপজেলাঃ তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ১৯ | নাম : ইউনুছ গাজী, পিতাঃ হোসেন গাজী, গ্রাম : দাসকাটি, ইউঃ খলিলনগর, উপজেলা : তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ২০ | নাম : আব্দুল আলী শেখ, পিতাঃ মৃত বরকতুল্লা শেখ, গ্রাম : মহান্দী, ইউঃ খলিলনগর, উপজেলা : তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ২১ | নামঃ বুবুল কুমার বসু , পিতা- তপন কুমার বসু , গ্রামঃ নলতা, ইউঃ খলিলনগর, উপজেলাঃ তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ২২ | নামঃ মোঃ রেজাউল সরদার, পিতা- মোঃ লুৎফর সরদার, গ্রামঃ খলিলনগর, ইউঃ খলিলনগর, উপজেলাঃ তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ২৩ | নামঃ মোঃ আলাউদ্দীন মোড়ল, পিতা- মৃত ফিরাজতুল্লাহ মোড়ল , গ্রামঃ খলিলনগর, ইউঃ খলিলনগর, উপজেলাঃ তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ২৪ | নামঃ মনোতোষ বিশ্বাস, পিতাঃ কালি পদ বিশ্বাস, গ্রাম : কানাইদিয়া, ইউঃ জালালপুর, উপজেলা : তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ২৫ | নামঃ মোঃ সাজ্জাত শেখ, পিতাঃ আব্দুল আজিজ শেখ, গ্রাম : জেঠুয়া, ইউঃ জালালপুর, উপজেলা : তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ২৬ | নামঃ আলিম সরদার, পিতা- মৃত ইমাম আলী সরদার, গ্রামঃ জেঠুয়া, ইউঃ জালালপুর, উপজেলাঃ তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ২৭ | নামঃ সুভাষ মল্লিক, পিতাঃ মৃত গুরুপদ মল্লিক, গ্রাম : কাটাখালি, ইউঃ খলিষখালি, উপজেলা : তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ২৮ | নামঃ তবিবুর রহমান, পিতা- দলিল উদ্দীন মোড়ল, গ্রামঃ হাজরাপাড়া, ইউঃ খলিষখালী, উপজেলাঃ তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ২৯ | নামঃ মোঃ জিয়াউর রহমান, পিতা- মোঃ আহম্মদ আলী, গ্রামঃ দাদপুর , ইউঃ কুমিরা, উপজেলাঃ তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ৩০ | নামঃ মোঃ সোলাইমান হোসেন , পিতা- শেখ আরিজুল ইসলাম, গ্রামঃ বড়কাশিপুর, ইউঃ সুরুলিয়া, উপজেলাঃ তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ৩১ | নামঃ আঃ সাত্তার জোয়াদ্দার, পিতা- তাজল জোয়াদ্দার, গ্রামঃ উত্তর শাহাজাতপুর, ইউঃ খেশরা, উপজেলাঃ তালাা, জেলাঃ সাতক্ষীরা |
| ৩২ | নামঃ মোঃ ছফর উদ্দীন সরদার, পিতা- বক্স সরদার, গ্রামঃ বারুইহাটি, ইউঃ তালা, উপজেলাঃ তালাা, জেলাঃ সাতক্ষীরা |
| ৩৩ | নামঃ আয়ুব আলী সরদার, পিতা- জব্বার সরদার, গ্রামঃ চরগ্রাম, ইউঃ মাগুরা, উপজেলাঃ তালা, জেলাঃ সাতক্ষীরা |
| ৩৪ | নামঃ মোঃ নওশের আলী জোয়াদ্দার , পিতা- তাজল জোয়াদ্দার, গ্রামঃ শাহাজাতপুর, ইউঃ খেশরা, উপজেলাঃ তালা, জেলাঃ সাতক্ষীরা |

বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং কমিটির সুপারিশ মোতাবেক যোগ্য ৩৪ জন আবেদনকারীদের অনুকূলে সেচ নলকূপের লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : কমিটির সুপারিশ মোতাবেক যোগ্য ৩৪ জন আবেদনকারীদের অনুকূলে সেচ নলকূপের লাইসেন্স প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, তালা,সাতক্ষীরাকে অনুরোধ করা হয়।

০৪। বিবিধ :

বিষয় : উপজেলা নির্বাহী অফিসের জন্য নতুন ফার্নিচার ক্রয়

আলোচনা : উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, তার কার্যালয়ে ব্যবহৃত ফার্নিচারগুলো অনেক পুরাতন এবং ব্যহারের অনুপযোগী। সে কারণে অফিসের জন্য নতুন টেবিল, চেয়ার এবং সোফাসেটসহ অন্যান্য আসবাবপত্র ক্রয় করা জরুরী। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী ইতোমধ্যে উপজেলা নির্বাহী অফিসারের মৌখিক নির্দেশে নতুন ১টি টেবিল, ১টি চেয়ার এবং ১ সেট সোফাসেট ক্রয় লক্ষ্যে এস্টিমেট তৈরী করা হয়েছে। এস্টিমেট মোতাবেক উক্ত আসবাবপত্র ক্রয় করতে মোট ১,২৫,০০০/- টাকা লাগবে। বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উক্ত এস্টিমেট অনুমোদনপূর্বক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে উল্লিখিত আসবাবপত্র ক্রয়ের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং সে লক্ষ্যে নিম্নরূপভাবে একটি পিআইসি গঠন করা হয়। উল্লেখ্য, উক্ত টাকা উপজেলা রাজস্ব তহবিল ব্যবহারের নির্দেশিকা ২০২০ এর ৩(ছ) আসবাবপত্র সংগ্রহ/মেরামত খাত হতে নির্বাহ করা হবে।

| | |
|---|---|
| (ক) উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, তালা | সভাপতি |
| (খ) উপজেলা প্রকৌশলী, তালা | সদস্য |
| (গ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| (ঘ) জনাব তাপস কুমার ঘোষ, সিএ, উপজেলা পরিষদ, তালা | সদস্য |
| (ঙ) জনাব মনিরুজ্জামান, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তালা | সদস্য |

সিদ্ধান্ত : উপজেলা রাজস্ব তহবিলের নীতিমালার আলোকে দ্রুত উল্লিখিত আসবাবপত্র ক্রয়ের জন্য কমিটিকে অনুরোধ করা হয়।

০৫। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব মুরশিদা পারভীন বলেন যে, গ্রামের মানুষ বয়স্কভাতা/ বিধবাভাতা হতে বঞ্চিত হচ্ছে। বিষয়টি দেখার জন্য তিনি বিশেষভাবে অনুরোধ করেন। তা ছাড়া এ উপজেলায় যে সমস্ত জলাশয় ইজারা দেয়া হয়েছে, তার তালিকা হালনাগাদ থাকলে খাল খননের মাধ্যমে এলাকায় জলাবদ্ধতা অনেকাংশে দূরীভূত হবে বলে তিনি মতামত প্রদান করেন। তিনি আরও জানান এলাকায় করোনা ভাইরাসের আক্রান্তের সংখ্যা ক্রমাগত বাড়ছে। তিনি আবশ্যিকভাবে স্বাস্থ্য বিধি মানতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। পাশাপাশি সমাজসেবা অফিসের মাধ্যমে অসুস্থ মানুষের কল্যাণে চিকিৎসা সেবা প্রদানের বিষয়টি তদারকির জন্য অনুরোধ করেন।

এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। সুনির্দিষ্ট অভিযোগ থাকলে বয়স্ক ভাতা/বিধবাভাতা/ চিকিৎসা সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করা হবে মর্মে উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন। জলাশয় ইজারার হালনাগাদ তথ্য দেয়ার জন্য সহকারী কমিশনার (ভূমি)কে অনুরোধ করা হয় এবং জনগণের স্বাস্থ্যবিধি মানতে উৎসাহিত করার জন্য জনপ্রতিনিধিদের দায়িত্বশীল ভুমিকা পালন করার অনুরোধ করা হয়। প্রয়োজনীয় ক্ষেত্রে মোবাইল কোর্টের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করা হবে বলে উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন।

০৬। যে সকল অফিসার করোনা পজিটিভ উপজেলা নির্বাহী অফিসার তাদের সুস্থতা কামনা করা হয়। স্বাস্থ্য বিধি মেনে সকল কাজ করার জন্য সকলের প্রতি অনুরোধ জানানো হয়। বাজার ঘাট/ ধর্মীয় অনুষ্ঠানস্থল/ লোকসমাগম হয় এমন স্থানসমূহ পরিহার করার জন্য তিনি সকলের প্রতি অনুরোধ করেন। তিনি আরও জানান, গৃহহীনদের ঘর প্রদান মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প। অত্যন্ত স্বচ্ছতার সাথে উক্ত কাজগুলি সম্পাদনের জন্য তিনি সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ করেন। সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ভাতাভোগীগণ যাতে সঠিকভাবে তাদের ভাতা পায় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। জলাশয় ইজারার হালনাগাদ তথ্য দেয়ার জন্য সহকারী কমিশনার (ভূমি)কে অনুরোধ করা হয়। সরকারি রাস্তার পাশে মৎস্য ঘের করার নিয়মাবলী সংক্রান্ত পত্র গণবিজ্ঞপ্তি আকারে আজকের সভা শেষে জারী করা রহবে মর্মে তিনি সভাকে অবিহত করেন।

০৭। জনাব ঘোষ সনৎ কুমার, উপজেলা মাসিক সভার সম্মানিত সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান, তালা তার সমাপনী বক্তব্যে সকলকে ধন্যবাদ জানান। গৃহহীনদের ঘর প্রদান, বিভিন্ন প্রকার ভাতা যথাযথভাবে প্রদানের বিষয়সহ আন্যান্য যে সকল সমস্যা রয়েছে, সংশ্লিষ্ট সকল দপ্তর একত্রে বসে সেগুলো সমাধানের জন্য উদ্যোগ গ্রহণ করার জন্য সভায় তিনি নির্দেশনা প্রদান করেন। সার ডিলার/ ঘেরের লাইসেন্স ইত্যাদি বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। পরিশেষে উপজেলা পরিষদের অর্ন্তভুক্ত সকল বিভাগের উন্নয়ন কাজ সম্পর্কে সভাপতিকে অবহিত করার জন্য তিনি সকল বিভাগীয় প্রধানগণকে বিনীত অনুরোধ করেন। উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত সকল বিভাগের প্রতিটি কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। পরিশেষে তিনি সকলকে সভায় অংশগ্রহণের জন্য কৃতজ্ঞতা ও শুভেচ্ছা জানান। এ ছাড়া উপজেলা পরিষদের অন্যান্য দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ঘোষ সনৎ কুমার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
তালা, সাতক্ষীরা

স্মারক নম্বর :০৫.৪৪.৮৭৯০.০০০.০৬.০০১.২১-

তারিখ : ৩০.০১.২০২২

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। এড. মুস্তফা লুৎফুল্লাহ, মাননীয় সংসদ সদস্য-১০৫, সাতক্ষীরা-১ (তালা- কলারোয়া)
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। বিভাগীয় কমিশনার, খুলনা
৬। জেলা প্রশাসক, সাতক্ষীরা
৭-৫০। জনাব-----------------------------------------------তালা, সাতক্ষীরা

প্রশান্ত কুমার বিশ্বাস
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
তালা, সাতক্ষীরা